

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬৯৩(আগরতলা, ০৬।০২)

সাব্রুম, ০৬ ফেব্রুয়ারী, ২০১৮

বিধানসভা নির্বাচন : সাব্রুম মহকুমায়
ভোট গ্রহণ কর্মীদের মহড়া

আসন্ন বিধানসভা নির্বাচন উপলক্ষ্যে আজ সাব্রুম মহকুমার ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে ভোট গ্রহণ কর্মীদের মহড়া অনুষ্ঠিত হয়। মহড়ায় ভোট গ্রহণ কর্মীদের ই ভি এম ও ভি ভি প্যাটের মাধ্যমে ভোট গ্রহণ পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ দেন ৩৯-মনু (এস টি) এবং ৪০-সাব্রুম বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের এ আর ও এবং সেক্টর অফিসারগণ। দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা নির্বাচন আধিকারিক সি কে জমাতিয়া এবং সাব্রুম মহকুমার মহকুমা নির্বাচন আধিকারিক বিপ্লব দাস মহড়ার সময় উপস্থিত ছিলেন। দ্বিতীয় পর্বের এই মহড়ায় ৮৪৩ জন ভোট গ্রহণ কর্মী অংশ নেন। ভোট গ্রহণ কর্মীদের মধ্যে ২৪ জন মহিলা ভোট গ্রহণ কর্মীও রয়েছেন।
